

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রবিধি-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/১৭ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫(১)—সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে জনবল নিয়োগের ক্ষেত্রে “পরীক্ষা ফি” নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো:

ক্রমিক নং	পদের গ্রেড	“পরীক্ষা ফি” হার (টাকা)
১	৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেড (নন ক্যাডার)	৬০০/- (ছয়শত)
২	১০ম গ্রেড	৫০০/- (পাঁচশত)
৩	১১তম এবং ১২তম গ্রেড	৩০০/- (তিনশত)
৪	১৩তম থেকে ১৬তম গ্রেড	২০০/- (দুইশত)
৫	১৭তম থেকে ২০তম গ্রেড	১০০/- (একশত)

শর্তাবলি:

(ক) টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমে অনলাইনে আবেদন ও “পরীক্ষা ফি” গ্রহণ করা যাবে এবং “পরীক্ষা ফি” বাবদ সংগৃহীত অর্থের সর্বোচ্চ ১০% কমিশন হিসেবে টেলিটক বাংলাদেশ লিমিটেডকে প্রদান করা যাবে এবং কমিশন হিসাবে প্রাপ্ত অর্থের ১৫% ভ্যাট হিসাবে আদায় করা যাবে। উদাহরণস্বরূপ:

“১৩—১৬ গ্রেডের পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ২০০ টাকার সর্বোচ্চ ১০% অর্থাৎ ২০ টাকা পর্যন্ত টেলিটক বাংলাদেশ লিমিটেডকে কমিশন হিসেবে প্রদান করা যাবে এবং উক্ত ২০ টাকার ১৫% অর্থাৎ ৩ টাকা VAT হিসাবে আদায় করা যাবে অর্থাৎ পরীক্ষার্থীর নিকট হতে সর্বোচ্চ আদায়যোগ্য টাকার পরিমাণ হবে ২০০+২০+৩=২২৩ টাকা”।

(১১৫৯৫)

মূল্য : টাকা ৪.০০

- (খ) টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক “পরীক্ষা ফি” বাবদ অর্থ গ্রহণের পরবর্তী ৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যাংক চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে জমা প্রদানের পর উক্ত প্রতিষ্ঠান অবিলম্বে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করবে, তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত অর্থ নিজস্ব ব্যাংক হিসেবে জমা করতে পারবে;
- (গ) “অনলাইন আবেদন” গ্রহণ না করা হলে “পরীক্ষা ফি” বাবদ অর্থ চালানের মাধ্যমে গ্রহণ করতে হবে। তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে অর্ডারে এ অর্থ গ্রহণ করতে পারবে;
- (ঘ) “পরীক্ষা ফি” বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের “১৩ ডিজিট প্রাতিষ্ঠানিক কোড” এবং “০৭ ডিজিট নতুন অর্থনৈতিক কোড ১৪২২৩২৬” এ অটোমেটেড চালানে সরকারি কোষাগারে জমা করতে হবে; এবং
- (ঙ) কোন প্রতিষ্ঠান ম্যানুয়াল চালানে (টিআর ফরম) “পরীক্ষা ফি” জমা করতে চাইলে “১-প্রাতিষ্ঠানিক কোড (চার অংকবিশিষ্ট)-পরিচালনা কোড (চার অংকবিশিষ্ট)-অর্থনৈতিক কোড (২০৩১)” এ জমা করতে হবে।

২। অর্থ বিভাগের ২২-০৯-২০২২ খ্রিঃ তারিখের ২৬২ নং স্মারক বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মনিরুজ্জামান  
উপসচিব।